বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ডিজিটাল ইউনিভার্সিটি, বাংলাদেশ

২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি বিজ্ঞপ্তি

ভর্তি বিষয়ক ওয়েবসাইটঃ (http://admission.bdu.ac.bd)

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ডিজিটাল ইউনিভার্সিটি, বাংলাদেশ ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি কার্যক্রমের অনলাইন এ প্রাথমিক আবেদন **১০ জানুয়ারি ২০১৯ তারিখ বিকাল ৪টা থেকে শুরু হয়ে ৩০ জানুয়ারি ২০১৯ তারিখ** রাত ১২টা পর্যন্ত চলবে। উল্লেখ্য যে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির নতুন দিগন্তে বাংলাদেশ এর তরুন প্রজনের স্বপ্নের ডিজিটাল বাংলাদেশ গড়তে ২০১৬ সালের ২৬ জুলাই গাজীপুর জেলার কালিয়াকৈর-এ দেশের প্রথম বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ডিজিটাল ইউনিভার্সিটি, বাংলাদেশ প্রতিষ্ঠা করেছেন মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সরকার। **শুধুমাত্র বিজ্ঞান বিভাগের শিক্ষার্থীরা আবেদনের যোগ্য হবেন।** আগ্রহী প্রার্থীকে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ডিজিটাল ইউনিভার্সিটি, বাংলাদেশ এর ভর্তি বিষয়ক ওয়েবসাইট থেকে অনলাইনে আবেদন ফরম পূরণ করতে হবে এবং এর প্রাথমিক আবেদন ফি ৭০০ (সাত শত) টাকা (**সার্ভিস চার্জ সহ**) ধার্য করা হয়েছে। **এ শিক্ষাবর্ষে ভর্তিকৃত শিক্ষার্থীদের ক্লাস মার্চ ২০১৯ সন থেকে শুরু হবে।**

এ ভর্তি কার্যক্রমে কোন ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে না। প্রার্থীদের SSC/সমমান ও **HSC/সমমান** পরীক্ষার ফলাফলের ভিত্তিতে ভর্তির মেধা তালিকা প্রণয়ন করা হবে। ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ডিজিটাল ইউনিভার্সিটি, বাংলাদেশ এর ওয়েবসাইট (http://admission.bdu.ac.bd) থেকে জানা যাবে।

আসন বিন্যাস

অনুষদ	বিভাগ	আসন সংখ্যা	SSC ও HSC/সমমান
প্রকৌশল	ব্যাচেলর অব সায়েন্স ইন **আই ও টি**	৫০	বিজ্ঞান বিভাগ
শিক্ষা ও গবেষণা	ব্যাচেলর অব সায়েন্স ইন **আইসিটি ইন এডুকেশন**	৫০	বিজ্ঞান বিভাগ

১। আবেদনের সাধারণ যোগ্যতা

ক) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড থেকে **বিজ্ঞান শাখায়** ২০১৪/২০১৫/২০১৬ সালের **SSC/সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ ৩.৫** এবং ২০১৭/২০১৮ সালের **HSC/সমমান** পরীক্ষায় আলাদাভাবে **৪র্থ বিষয়সহ (গনিত, পদার্থ ও ইংরেজী বিষয়ে জিপি ৩.০ সহ) ন্যূনতম জিপিএ ৩.৫ এবং SSC/সমমান জিপিএ ও HSC/সমমান জিপিএ মোট জিপিএ ৭.৫** প্রাপ্ত প্রার্থীরা আবেদন করতে পারবে।

খ) অন্যান্য শিক্ষা বোর্ড/বিশ্ববিদ্যালয় থেকে **SSC/সমমান** ও **HSC/**সমমানের পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা **১ এর ক নং** শর্তপূরণ সাপেক্ষে আবেদন করতে পারবে। **বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের HSC/সমমান কোর্সসমূহ থেকে** (ভোকেশনাল বিজ্ঞান) পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে।

গ) ২০১৪/২০১৫/২০১৬ সালের **O-Level** পরীক্ষায় **চারটি বিষয়ে 'বি' গ্রেডসহ সকল বিষয়ে উত্তীর্ণ এবং** ২০১৭/২০১৮ **সালের A Level পরীক্ষায় দুটি বিষয়ে 'বি' এবং একটি বিষয়ে 'সি' গ্রেড প্রাপ্ত প্রার্থীরা এ ভর্তি কাযর্ক্রমে আবেদন করতে পারবে। তবে প্রার্থীদের ভর্তি নির্দেশিকার অন্যান্য সকল শর্ত পূরণ করতে হবে।** এ সকল প্রার্থী **Manual Application** মেনুতে ক্লিক করে **Manual Application** ফরম এর সকল ডাটা এন্ট্রি করে যথাযথ ভাবে আবেদন করতে হবে এবং Verification এর জন্য ইউনির্ভাসিটিতে আসতে হবে । পরবর্তীতে Marks Verification এর তারিখ ওয়েবসাইটে জানানো হবে।

ঘ) বিদেশী সার্টিফিকেটধারী প্রার্থীদের ক্ষেত্রে **বাংলাদেশ-এ স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড কর্তৃক** তাদের অর্জিত মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের নম্বর পত্রের সমতা নিরূপণ করা হলে তারাও এ ভর্তি কার্যক্রমে অংশগ্রহণ করতে পারবে। এ সকল প্রার্থী **Manual Application** মেনুতে ক্লিক করে **Manual Application** ফরম এর সকল ডাটা এন্ট্রি করে যথাযথ ভাবে আবেদন করতে হবে।

২। ভর্তি পদ্ধতি ও মেধাক্রম

ক) এ ভর্তি কার্যক্রম প্রার্থীদের SSC/সমমান ও HSC/সমমান পরীক্ষার ফলাফলের ভিত্তিতে মেধা তালিকা প্রণয়ন করা হবে। এবং মেধা তালিকা তৈরী করে প্রার্থীদের পছন্দক্রম অনুযায়ী ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির বিষয় বরাদ্দ দেয়া হবে।

খ) **একই বিষয়ে দুই বা ততোধিক আবেদনকারীর মেধাক্রম এক হলে সেক্ষেত্রে পর্যায়ক্রমে এ সকল আবেদনকারীর নিম্নোক্ত নিয়ম এর ক্রমানুসারে মেধাক্রম তৈরী করা হবে।**

ধাপ-১: ৪র্থ বিষয়সহ SSC ও HSC পরীক্ষায় প্রাপ্ত জিপিএ এর যথাক্রমে ৪০% ও ৬০% এর ভিত্তিতে।

রোল নং	SSC জিপিএ	HSC জিপিএ	মোট= SSC জিপিএ (৪০%) + HSC জিপিএ (৬০%)	মেধাক্রম
১১১	৫	৫	২+৩=৫	১
১১২	৫	৪.৮	২+২.৮৮=৪.৮৮	২

ধাপ-২: SSC ও HSC পরীক্ষার মোট প্রাপ্ত নম্বরের যথাক্রমে ৪০% ও ৬০% এর ভিত্তিতে।

রোল নং	SSC জিপিএ	HSC জিপিএ	মোট= SSC জিপিএ(৪০%) + HSC জিপিএ (৬০%)	SSC প্রাপ্ত নম্বর	HSC প্রাপ্ত নম্বর	মোট= SSC তে প্রাপ্ত নম্বরের (৪০%) + HSC তে প্রাপ্ত নম্বরের (৬০%)	মেধাক্রম
১১১	৫	৫	২+৩=৫	৮২০	৮৬০	৩২৮+৫১৬=৮৪৪	১
১১২	৫	৫	২+৩=৫	৮২০	৮১০	৩২৮+৪৮৬=৮১৪	২

ধাপ-৩ (ক): HSC বা সমমান পরীক্ষায় Math ও Physics এর নম্বর এর ভিত্তিতে।

রোল নং	SSC জিপিএ	HSC জিপিএ	মোট= SSC জিপিএ(৪০%) + HSC জিপিএ (৬০%)	SSC প্রাপ্ত নম্বর	HSC প্রাপ্ত নম্বর	মোট= SSC তে প্রাপ্ত নম্বরের(৪০%) + HSC তে প্রাপ্ত নম্বরের (৬০%)	HSC গনিত ও পদার্থ এর নম্বর এর ক্রমানুশারে	মেধাক্রম
১১১	৫	৫	২+৩=৫	৮২০	৮৬০	৩২৮+৫১৬=৮৪৪	গনিত ৮১ পদার্থ ৮০	১
১১২	৫	৫	২+৩=৫	৮২০	৮৬০	৩২৮+৫১৬=৮৪৪	গনিত ৮০ পদার্থ ৮১	২

ধাপ-৩ (খ): HSC বা সমমান পরীক্ষায় Math ও Physics এর নম্বর এর ভিত্তিতে।

রোল নং	SSC জিপিএ	HSC জিপিএ	মোট= SSC জিপিএ (৪০%) + HSC জিপিএ (৬০%)	SSC প্রাপ্ত নম্বর	HSC প্রাপ্ত নম্বর	মোট= SSC তে প্রাপ্ত নম্বরের (৪০%) + HSC তে প্রাপ্ত নম্বরের (৬০%)	HSC গনিত ও পদার্থ এর নম্বর এর ক্রমানুশারে	মেধাক্রম
১১১	৫	৫	২+৩=৫	৮২০	৮৬০	৩২৮+৫১৬=৮৪৪	গনিত ৮১ পদার্থ ৮১	১
১১২	৫	৫	২+৩=৫	৮২০	৮৬০	৩২৮+৫১৬=৮৪৪	গনিত ৮১ পদার্থ ৮০	২

ধাপ-৪: HSC পাশের সন সর্বশেষ অনুযায়ী অগ্রাধিকার দিয়ে মেধাক্রম প্রণয়ন করা হবে।

রোল নং	SSC জিপিএ	HSC জিপিএ	মোট=SSC জিপিএ (৪০%) + HSC জিপিএ (৬০%)	SSC প্রাপ্ত নম্বর	HSC প্রাপ্ত নম্বর	মোট=SSC তে প্রাপ্ত নম্বরের (৪০%) + HSC তে প্রাপ্ত নম্বরের (৬০%)	HSC গনিত ও পদার্থ এর নম্বর এর ক্রমানুশারে	প্রার্থীর সন (HSC)	মেধাক্রম
১১১	৫	৫	২+৩=৫	৮২০	৮৬০	৩২৮+৫১৬=৮৪৪	গনিত ৮১ পদার্থ ৮১	২০১৮	১
১১২	৫	৫	২+৩=৫	৮২০	৮৬০	৩২৮+৫১৬=৮৪৪	গনিত ৮১ পদার্থ ৮১	২০১৭	২

ধাপ-৫: যার বয়স বেশী হবে তাকে অগ্রাধিকার দিয়ে মেধাক্রম প্রণয়ন করা হবে।

রোল নং	SSC জিপিএ	HSC জিপিএ	মোট= SSC জিপিএ(৪০%) + HSC জিপিএ (৬০%)	SSC প্রাপ্ত নম্বর	HSC প্রাপ্ত নম্বর	মোট= SSC তে প্রাপ্ত নম্বরের(৪০%) + HSC তে প্রাপ্ত নম্বরের (৬০%)	HSC গনিত ও পদার্থ এর নম্বও এর ক্রমানুশারে	প্রার্থীর সন (HSC)	প্রার্থীর বয়স	মেধাক্রম
১১১	৫	৫	২+৩=৫	৮২০	৮৬০	৩২৮+৫১৬=৮৪৪	গনিত ৮১ পদার্থ ৮১	২০১৮	১৮ বছর ২ মাস	১
১১২	৫	৫	২+৩=৫	৮২০	৮৬০	৩২৮+৫১৬=৮৪৪	গনিত ৮১ পদার্থ ৮১	২০১৮	১৮ বছর	২

গ) এ ভর্তি কাযর্ক্রম পর্যায়ক্রমে প্রথম মেধা তালিকা, শূন্য আসন সাপেক্ষে দ্বিতীয় মেধা তালিকা, বিশেষ কোটা (প্রয়োজনে একাধিকবার) মাধ্যমে সম্পন্ন করা হবে।

৩। আবেদনকারীর প্রাথমিক আবেদন ফরম পূরণ সম্পর্কিত করণীয়

ক) আবেদনকারীকে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ডিজিটাল ইউনিভার্সিটি, বাংলাদেশ এর নির্দিষ্ট ওয়েবসাইটে **(http://admission.bdu.ac.bd)** এ গিয়ে **Apply Now** অপশনে ক্লিক করতে হবে এবং ওয়েবসাইটে প্রদর্শিত তথ্য ছকে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর, শিক্ষা বোর্ড/বিশ্ববিদ্যালয় ও পাসের সন সঠিকভাবে এন্ট্রি দিতে হবে। **রেজিস্ট্রেশন সফল ভাবে সম্পূন হলে মোবাইল এ ইউজার আইডি ও পিন চলে যাবে। মোবাইল এ প্রাপ্ত ইউজার আইডি ও পিন এর মাধ্যমে লগইন করে আবেদন আর পরবর্তী ধাপ সম্পর্ণ করতে হবে। এখানে উল্লেখ্য যে আবেদনকারীদের নিজের অথবা অভিভাবক এর মোবাইল নম্বর দিতে হবে। পরবর্তী সকল যোগাযোগ মোবাইলে করা হবে। দোকানের মোবাইল নম্বর না দেয়ার জন্য বলা হচ্ছে।**

খ) O Level /A Level অথবা যাদের ডাটা পাওয়া যাবে না তাদের **Manual Application** মেনুতে ক্লিক করে **Manual Application** ফরম এর সকল ডাটা এন্ট্রি করে যথাযথ ভাবে আবেদন করতে হবে।

গ) ডাটাবেজে সংরক্ষিত তথ্য অনুযায়ী আবেদনকারীর তথ্য ছকে **Male** আবেদনকারীর জন্য **Female** অথবা **Female** আবেদনকারীর জন্য **Male** প্রদর্শিত হলে **Click to Change** অপশনে গিয়ে সঠিক তথ্যটি এন্ট্রি দিতে হবে।

ঘ) এ পর্যায়ে আবেদনকারী তার ভর্তি যোগ্য **(Eligible)** বিষয়ের তালিকা দেখতে পাবে। আবেদনকারী তার পছন্দ অনুযায়ী **১**ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি যোগ্য বিষয়সমূহের নাম ও আসন সংখ্যা দেখতে পাবে। এই তালিকা থেকে প্রার্থীকে সর্তকতার সংঙ্গে তার প্রার্থিত বিষয়ের পছন্দক্রম নির্ধারণ করতে হবে। পরবর্তীতে পরিবর্তন করার কোন সুযোগ থাকবে না।

ঙ) মুক্তিযোদ্ধা/আদিবাসি কোটায় ভর্তি হতে ইচ্ছুক প্রার্থীকে তথ্য ছকের নির্দিষ্ট স্থানে তার জন্য প্রযোজ্য কোটা **Select** করতে হবে। **কোটায় আবেদনের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের ইস্যুকৃত মূল সনদপত্র থাকতে হবে**। একজন প্রার্থী এক বা একাধিক কোটায় যোগ্য হলে কোটার পছন্দক্রম নির্ধারণ করে দিতে হবে।

কোটার প্রকৃতি	আই ও টি (আসন সংখ্যা)	আইসিটি ইন এডুকেশন (আসন সংখ্যা)
মুক্তিযোদ্ধা	২	২
আদিবাসি	১	১

চ) ফরম পূরণের সময় আবেদনকারীর সম্প্রতি তোলা পাসপোর্ট আকারের রঙ্গিন ছবি **Scan** করে আপলোড করতে হবে। ছবির মাপ হবে 150×180 pixels, Image Type: jpg, png এবং maximum file size:200Kb. **প্রার্থীর ছবি ব্যতীত অন্য কোন ছবি প্রাথমিক আবেদন ফরমে আপলোড করা হলে ঐ প্রার্থীর ভর্তি বাতিল করার অধিকার** বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ডিজিটাল ইউনিভার্সিটি, বাংলাদেশ **কর্তৃপক্ষ সংরক্ষণ করে।**

ছ) সঠিক তথ্য ও ছবিসহ ছক পূরণ করে **Submit Application** অপশনে ক্লিক করতে হবে। আবেদনকারীকে ফরমটি ডাউনলোড করে [**A4** (8.5”×11”) অফসেট সাদা কাগজে] প্রিন্ট (**Print**) নিতে হবে।

জ) পূরণকৃত আবেদন ফরমের ত্রুটি সংশোধন

আবেদন ফরমে তথ্যগত অমিল বা ত্রুটিপূর্ণ ছবি থাকলে তা সংশোধন করতে হবে। আবেদন ফরম সংশোধনের জন্য প্রার্থীকে এই **Applicant Login** অপশনে **Login** লিংকে গিয়ে আবেদন ফরমের আইডি ও পিন এর মাধ্যমে লগইন করতে হবে। আবেদন

ফরমটি ফাইনাল সাবমিশন আর সময় মোবাইল **OTP** (One Time Password) যাবে। মোবাইল এ প্রাপ্ত **OTP** দিয়ে আবেদন টি সাবমিট করতে হবে।

ঝ) সাবমিট করার পর একটি কনফার্ম স্লিপ ডাউনলোড হবে এবং কনফার্ম স্লিপ এ একটি Application ID প্রদান করা হবে। Application ID টি ব্যবহার করে **Roket** অথবা **bKash** আর মাধমে টাকা পরিশোদ করতে হবে । কন্‌ফার্ম স্লিপ টি সংরক্ষন করতে হবে।

ওয়েবসাইট এ HELP মেনু এ এপ্লিকেশন করার ধাপ, চিত্র সহকারে বিস্তারিত পাওয়া যাবে।

৪) Payment পদ্ধতিঃ

রকেট (ডাচ্‌ বাংলা ব্যাংক মোবাই ব্যাংকিং)	
ধাপ ১	রকেট একাউন্ট থেকে *৩২২# ডায়াল করুন ।
ধাপ ২	মেনু থেকে ১ সিলেক্ট করে পেমেন্ট অপশন অনুসরন করুন।আবার ১ সিলেক্ট করে পেমেন্ট অপশনে যান।
ধাপ ৩	নিজের একাউন্ট থেকে হলে ১ সিলেক্ট করুন অথবা অন্যের একাউন্ট হলে ২ সিলেক্ট করুন।
ধাপ ৪	আবেদন ফরমে ব্যবহৃত আবেদনকারীর মোবাইল নম্বর প্রদান করুন।
ধাপ ৫	বিলার আইডি ২৭২৭ টাইপ করুন।
ধাপ ৬	আপনার নির্ধারিত Application ID টাইপ করুন।
ধাপ ৭	নির্ধারিত ফির পরিমান (৭০০) টাইপ করুন।
ধাপ ৮	ব্যবহৃত রকেট একাউন্ট এর পিন নম্বর প্রদান করুন।
ধাপ ৯	সঠিক ভাবে পিন নম্বর প্রদান করা হলে আবেদন ফি কেটে নিয়ে successful message দেখানো হবে।
ধাপ ১০	বিল পেমেন্ট সম্পন্ন হলে আবেদনকারীর মোবাইলে কনফার্মেশন মেসেজ পাবেন ।

বিকাশ (ব্র্যাক ব্যাংক মোবাইল ব্যাংকিং)	
ধাপ ১	বিকাশ একাউন্ট থেকে *২৪৭# ডায়াল করুন
ধ প ২	Pay Bill সিলেক্ট করতে ৫ চাপুন ।
ধাপ ৩	Other একাউন্ট ২ সিলেক্ট করুন।
ধাপ ৪	বিল পে করতে ২ সিলেক্ট করুন।
ধাপ ৫	বিলার আইডির স্থানে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ডিজিটাল ইউনিভার্সিটি , বাংলাদেশ এর বিকাশ একাউন্ট নম্বর **01550050833** প্রদান করুন।
ধাপ ৬	Student Application ID দিতে ১ চাপুন ।
ধাপ ৭	Student Application ID প্রদান করুন ।
ধাপ ৮	বিল মাস ও বছরের স্থানে ০১২০১৯ প্রদান করুন ।এখানে ০১ মাস ও ২০১৯ সাল)
ধাপ ৯	এমাউন্টের স্থানে আবেদন পত্রে উল্লেখিত ফি এর পরিমান (৭০০) প্রদান করুন ।
ধাপ ১০	পে-বিলের সামারি দেখে আপনার বিকাশ একাউন্টের পিন নম্বর টি প্রদান করুন।
ধাপ ১১	সঠিক ভাবে পিন নম্বর প্রদান করা হলে আবেদন ফি কেটে নিয়ে successful message দেখানো হবে।
ধাপ ১২	বিল পেমেন্ট সম্পন্ন হলে আবেদনকারীর মোবাইলে কনফার্মেশন মেসেজ পাবেন ।

৫) **ফলাফল প্রক্রিয়া**

প্রার্থীর Result আবেদন ফরমে উল্লেখিত মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে জানানো হবে এবং ওয়েবসাইটে প্রকাশ করা হবে। সঠিকভাবে সফল হওয়া আবেদনকারীকে ভর্তির প্রক্রিয়া পরবর্তীতে এ ওয়েবসাইটে (http://admission.bdu.ac.bd) বিস্তারিতভাবে জানানো হবে।

এই ভর্তি কার্যক্রমের যে কোন নিয়মাবলী/ধারা/উপধারা সংশোধন, সংযোজন, পরিবর্তন বা বাতিল করার অধিকার বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ডিজিটাল ইউনিভার্সিটি, বাংলাদেশ কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

১ম বর্ষ ছাত্র-ছাত্রীদের ক্লাস গাজীপুর জেলার কালিয়াকৈর এ ইউনিভার্সিটির ক্যাম্পাসে শুরু হবে।

মোঃ আশরাফ উদ্দিন
রেজিস্ট্রার (চলিত দায়িত্ব)
বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ডিজিটাল ইউনিভার্সিটি, বাংলাদেশ, কালিয়াকৈর, গাজীপুর-১৭৫০।
মোবাইল : **01550 05 08 35 (সকাল ১০ টা- বিকাল ৫টা)**
ই-মেইল- info@admission.bdu.ac.bd
ওয়েব: http://admission.bdu.ac.bd